

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বীমা দিবস গলফ টুর্নামেন্ট ২০২৪



বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন কর্তৃক আয়োজিত ও আর্মি গলফ ক্লাব, ঢাকা সেনানিবাস এর সার্বিক সহযোগিতায় জাতীয় বীমা দিবস, ২০২৪ উপলক্ষে জাতীয় বীমা দিবস গলফ টুর্নামেন্ট ২৮ ফেব্রুয়ারী থেকে ২ মার্চ, ২০২৪ আর্মি গলফ ক্লাবে অনুষ্ঠিত হয় এবং প্রায় ৮০০ জন গলফার অংশগ্রহণ করেন। এ টুর্নামেন্টের সমাপনি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, সেনা প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী এবং প্রধান পৃষ্ঠপোষক, আর্মি গলফ ক্লাব, জনাব শেখ কবির হোসেন, প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, মেজর জেনারেল খান ফিরোজ আহমেদ, প্রেসিডেন্ট, আর্মি গলফ ক্লাব হিসেবে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন-এর প্রথম ভাইস-প্রেসিডেন্ট জনাব নাসির উদ্দিন আহমেদ (পাভেল), ভাইস-প্রেসিডেন্ট জনাব এ কে এম মনিরুল হক, জনাব মোজাফফর হোসেন পল্টুসহ অন্যান্য বিআইএ-এর নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, বীমা কোম্পানীসমূহের চেয়ারম্যানগণ, মুখ্য নির্বাহী কর্মকর্তাবৃন্দ, আর্মি গলফ ক্লাবের আমন্ত্রিত অতিথিবৃন্দ, সম্মানিত অতিথিবৃন্দ, প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

চীপ রিপোর্টার/নিউজ এডিটর
ঢাকা।

উক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি প্রচার / প্রকাশ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(নিশীথ কুমার সরকার)
সেক্রেটারী জেনারেল